

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ জুন '২০২৩খ্রি.

ডা. আফছারুল আমীনের শূন্যতা অপূরণীয়: চসিক মেয়র

দেশের ক্রান্তিকালে ডা. আফছারুল আমীনের মৃত্যুর ফলে যে শূন্যতা সৃষ্টি হয়েছে তা পূরণ হবার নয় বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার সকালে যুক্তরাষ্ট্র থেকে চট্টগ্রামের মাটিতে পা রেখেই মেয়র ছুটে যান আফছারুল আমীনের কবর জেয়ারত করতে। এসময় উপস্থিত কাউন্সিলরবৃন্দ এবং নেতৃবৃন্দের উদ্দেশ্যে মেয়র বলেন, একদিকে করোনা মহামারী অন্যদিকে ইউক্রেন-রাশিয়া যুদ্ধকে কেন্দ্র করে বৈশ্বিক রাজনীতির অস্থিরতা বাংলাদেশেও ভূ-রাজনৈতিক কারণে বিপুল চাপ তৈরি করেছে। দেশের এ ক্রান্তিকালে ডা. আফছারুল আমীনের চলে যাওয়ায় যে শূন্যতা তৈরি হয়েছে তা অপূরণীয়।

“মানবসেবা ছিল ডা. আফছারুল আমীনের ধ্যান-জ্ঞান। তিনি রাজনীতিতে কোন বস্তুগত প্রাপ্তির আশায় নয় বরং জনসেবার জন্যই এসেছিলেন এবং করে গেছেন। বিশেষ করে ১৯৯১ সালে ভয়াবহ ঘূর্ণিঝড়ে বিভিন্ন আশ্রয়কেন্দ্রে চিকিৎসাসেবা দিয়ে তিনি মানুষের মন জয় করে নেন এবং আওয়ামী লীগের জনপ্রিয়তা বৃদ্ধিতে ভূমিকা রাখেন। ডা. আফছারুল আমীন আমাদের ছেড়ে গেছেন, কিন্তু তাঁর রেখে যাওয়া আদর্শ আমাদের পথ দেখাবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লড়াইয়ে।”

এসময় আরো উপস্থিত ছিলেন চসিক সচিব খালেদ মাহমুদ, প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, আতাউল্লা চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, গাজী মোঃ শফিউল আজিম, মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী, মোহাম্মদ ইসমাঈল, মোঃ নূরুল আমিন, মোঃ নূরুল আলম, মোহাম্মদ ইলিয়াছ, মোঃ আবদুস সালাম, মোঃ মোর্শেদ আলী, মোহাম্মদ আবদুল মান্নান, সংরক্ষিত নারী কাউন্সিলর শাহানুর বেগম, তছলিমা বেগম নূরজাহান, জাহেদা বেগম পপি, হুরে আরা বেগম প্রমুখ।

এডিস মশা নিয়ন্ত্রণে ৪১ ওয়ার্ডে ক্রাশ প্রোগ্রাম চালু চসিকের

ডেঙ্গু রোগের জীবাণুবাহী এডিস মশা নিয়ন্ত্রণে নগরীর ৪১ টি ওয়ার্ডে বিশেষ ক্রাশ প্রোগ্রাম শুরু করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

রোববার চকবাজার ওয়ার্ডের পাঁচলাইশ আবাসিক এলাকার প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুলের সামনে ফগার মেশিনে ওষুধ ছিটিয়ে বর্ষা মৌসুমে এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণের এ কার্যক্রম উদ্বোধন করেন প্যানেল মেয়র আফরোজা জহুর।

এসময় প্যানেল মেয়র আফরোজা জহুর বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও নগরবাসীর সমন্বিত উদ্যোগেই এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণ করা সম্ভব। মশক মুক্ত পরিষ্কার পরিচ্ছন্ন নগরী গড়ার প্রত্যয় নিয়ে এ ক্রাশ প্রোগ্রাম বর্ষা মৌসুমজুড়ে ৪১ টি ওয়ার্ডে চলমান থাকবে।

চসিক মশক নিধন কর্মকর্তা মো. শরফুল ইসলাম মাহির সঞ্চালনায় ও কাউন্সিলর নূর মোস্তফা টিনুর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংরক্ষিত কাউন্সিলর রুমকি সেন গুপ্ত, পাঁচলাইশ আবাসিক এলাকা কল্যাণ সমিতির সভাপতি এ কে এম সাঈদুল ইসলাম বারু, সাধারণ সম্পাদক আরু সাঈদ সেলিম, জোন পরিচ্ছন্ন কর্মকর্তা হাছান রশিদ, মো.নিজামুদ্দিন, শহিদুল হক মিন্টু প্রমুখ।

প্যানেল মেয়র আরও বলেন, সমন্বিত মশক নিধন ব্যবস্থাপনার আওতায় প্রথম পদক্ষেপটিই হচ্ছে পরিবেশগত ব্যবস্থাপনা। আমাদের চারপাশে যে সমস্ত জায়গায় এডিস মশা জন্মায় সেই সমস্ত জায়গায় যাতে এডিস মশা জন্মাতে না পারে সেই ব্যাপারে সকলকে সচেতন হতে হবে। আবহাওয়াগত কারণে নগরীতে এখন মশার উপদ্রব বেড়েছে। এই বিশেষ ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে প্রতি ওয়ার্ডে ষোপবাড় পরিষ্কার ও নালায় যেখানে মশার জন্ম হয় সেখানে ওষুধ ছিটানো হচ্ছে। ক্রাশ প্রোগ্রাম ছাড়াও চসিকের নিয়মিত কার্যক্রমের মধ্যে প্রতিদিন মশক নিধন স্বেচ্ছা চলমান রয়েছে।

নগরবাসীর সহযোগিতা কামনা করে প্যানেল মেয়র বলেন, পরিষ্কার ও বন্ধ পানি এডিস মশার প্রজনন ক্ষেত্র। তাই বসত বাড়ির আশে পাশে ডাবের খোসা, ফুলের টব, ছাদ বাগান ও ফিজের নীচের ট্রেতে তিন দিনের বেশি পানি যাতে জমে না থাকে সেদিকে খেয়াল

রাখতে হবে। বাসা বাড়ি, ছাদ-আঙ্গিনা নিজ নিজ উদ্যোগে পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এটি আমাদের সকলের নাগরিক দায়িত্ব। চট্টগ্রাম নগরীকে একটি নিরাপদ বাসযোগ্য ও পরিস্কার-পরিচ্ছন্ন নগর গড়তে তিনি সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীকে সহযোগিতা করার জন্য নগরবাসীর প্রতি আহ্বান জানান।

চসিকের কোভিড ভ্যাক্সিন কেন্দ্রে মিলছে ৪র্থ ডোজের টীকা

মুঠোফোনে মেসেজপ্রাপ্তি সাপেক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন কোভিড ভ্যাক্সিন কেন্দ্রে করোনার তৃতীয় ও চতুর্থ ডোজের টীকা গ্রহণের আহ্বান জানিয়েছেন চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। রোববার চতুর্থ ডোজের টীকা কার্যক্রম তদারকিতে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সাথে উপস্থিত ছিলেন স্বাস্থ্য কর্মকর্তা ডা: মোহাম্মদ ইমাম হোসেন রানা, জোনাল মেডিকেল অফিসার ডা: তপন চক্রবর্তী ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার এসআইএমও ডা. মো. সরওয়ার আলম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮